গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

ক. প্রকল্পের বিবরণীঃ

১.	প্রকল্পের নাম	:	গুচ্ছগ্রাম ২য় পর্যায় (ক্লাইমেট ভিকটিম রিহ্যাবিলিটেশন) (১ম সংশোধিত)		
২.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	ভূমি মন্ত্রণালয়		
৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	ভূমি মন্ত্রণালয়(জেলা প্রশাসনের মাধ্যমে)		
৪.	প্রকল্পের অবস্থান	:	বিভাগ	জেলা	উপজেলা
			ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল, খুলনা ও রংপুর।	৩০টি জেলা	সমগ্র বাংলাদেশের ৩২টি জেলার ৮২টি গুচ্ছ গ্রাম

৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) :

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	*পরিবর্তন(+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	২৫৮২৯.০০	২৫৮২৯.০০	—	—	অক্টোবর/২০১৫ হতে জুন, ২০২০	১৩/১০/২০১৫ (একনেক)	--	--
সংশোধিত (১ম)	৯৪১৮১.৩০	৯৪১৮১.৩০	—	—	অক্টোবর/২০১৫ হতে জুন, ২০২০	২২/১২/২০১৬	৬৮৩৫২.৩ (৩৬৪%)	--

৬. প্রকল্পের উদ্দেশ্য ঃ

- বাংলাদেশের পল্লী প্রাকৃতিক দুর্যোগ এবং নদী ভাঙ্গনের ফলে দূর্গত পরিবারসমূহকে সরকারী খাস জমিতে নির্মিত একো ভিলেজে বসত ভিটাসহ স্বামী-স্ত্রী উভয়ের নামে এবং বিধবাদের ক্ষেত্রে একক নামে কবুলিয়ত প্রদান করার মাধ্যমে দারিদ্র বিমোচন এবং নারী অধিকার নিশ্চিতকরণ।
- পুর্নবাসিত পরিবারসমূহের সামাজিক নিরাপত্তা বিধানের জন্য শিক্ষা, নিরাপত সুপেয় পানি, স্বাস্থ্য সম্মত লেট্রিন ইত্যাদি সুবিধা প্রদানসহ পুর্নবাসিতদের অনুকূলে দীর্ঘ মেয়াদে পুকুর লিজ প্রদান; এবং
- পুর্নবাসিত পরিবারসমূহের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য আয়-বর্ধকমূলক প্রশিক্ষণ ও ক্ষুদ্র ঋণ প্রদান।

৭. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গ ঃ

প্রকল্পের আওতায় মূল কার্যক্রমের মধ্যে রয়েছেঃ-
প্রকল্পের আওতায় কম-বেশী ২৫০০ গুচ্ছগ্রাম মাধ্যমে ৫০,০০০ টি গৃহ, লেট্রিন ও রান্না ঘর নির্মাণ, ৩৪০টি বহুমুখী সম্মেলন কক্ষ নির্মাণ, ১০,০০০টি গভীর-অগভীর নলকূপ/রিংওয়েল/পন্ডস্যান্ড ফিল্টার স্থাপন, ৩৩৭টি গোসল খানা (ওয়াস রুম), ২০০০ পরিবারকে বিআরডিবি'র মাধ্যমে আর্থ-সামাজিক কার্যক্রম পরিচালনার জন্য প্রশিক্ষণ প্রদান, ১০,০০০ পরিবারকে বিআরডিবি'র মাধ্যমে ঋণ প্রদান, ৩০০টি গুচ্ছ গ্রামে বিদ্যুৎ সংযোগ, ৫০,০০০টি পরিবারকে উন্নত চুলা, বৃক্ষ রোপন, দলিল হস্তান্তর, ১৫০টি ঘটলা (পুকুরের ঘাট) নির্মাণ ও বিদ্যমান আদর্শ গ্রাম এবং গুচ্ছগ্রামের FFW Program রক্ষণাবেক্ষণ কার্যক্রম গ্রহণ।

খ. পরামর্শকের কার্যপরিধি (TOR) :

৮.০ **পরামর্শকের দায়িত্বঃ**

৮.১ প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল, ডিপিপি অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ, বরাদ্দ অনুযায়ী ব্যয়সহ উদ্দেশ্যে অর্জন ও প্রাসংগিক সকল তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৮.২ প্রকল্পের সার্বিক ও বিস্তাবিত অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির বাস্তব ও আর্থিক তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ সারণি/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যলোচনা;

৮.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের পথে অগ্রগতি পর্যবেক্ষণ ও পর্যালোচনা এবং ফলপ্রসূ করার জন্য গৃহীত কার্যাবলী প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পর্যালোচনা ও মতামত প্রদান; সামঞ্জস্যপূর্ণ না হলে তা কারণ;

৮.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যোলোচনা ও পর্যবেক্ষণ (সরবরাহকৃত আইএমইডি কর্তৃক ছক অনুসরণপূর্বক);

৮.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষাঙ্গিক বিষয়াদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.৬ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যাবলী যেমন: অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধিসহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৮.৭ প্রকল্পের ঝুকি সম্পর্কিত বিভিন্ন সমস্যাবলী যেমন: অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনায় দূর্বলতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য/বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৮.৮ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের লক্ষ্যে প্রক্রিয়াধীন বিভিন্ন পন্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR গুণগতমান, পরিমান অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে হয়েছে/হচ্ছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.৯ প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ এবং বিশেষ সফলতা (Success Stories, যদি থাকে) বিষয়ে আলোকপাত;

৮.১০ উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা; প্রকল্পের বাস্তবায়নের ফলে দারিদ্র বিমোচন, আয় বৃদ্ধি, স্বাস্থ্য শিক্ষা, নারী ক্ষমতায়ন ইত্যাদিতে সংঘঠিত পরিবর্তন (প্রকল্প বাস্তবায়নের পূর্বের ও পরের অবস্থা বিবেচনায়) জাতীয় তথ্যের/পরিসংখ্যান এর সাথে তুলনামূলক প্রভাব উপস্থাপন।

৮.১১ প্রকল্পের অনুমোর্দন সংশোধন (যদি থাকে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য উপাত্তের পর্যালোচনা ও বিশ্লেষণ;

৮.১২ প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ এবং দুর্বলতা ও চ্যালেঞ্জ মোকাবেলায় যথোপযুক্ত সুপারিশ প্রদান;

৮.১৩ প্রকল্প সমাপ্তির পর সৃষ্টি সুবিধাদি টেকসই (Exit plan) সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;

৮.১৪ এ প্রকল্পের কার্যক্রমের সাথে অন্য প্রকল্পের কার্যক্রমের দৈততার বিষয়টি সুষ্পষ্টকরণ;

৮.১৫ অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের অনুকূলে সম্পাদিত ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী কাজের গুণগত মান ও পরিমাণ ঠিক আছে কিনা তা যাচাইকরণ;

৮.১৬ একই এলাকায় সমজাতীয় অন্য প্রকল্পের তুলনা;

৮.১৭ প্রকল্পের আওতায় সম্পাদিত পর্যালোচনা;

৮.১৮ নির্মিত/নির্মাণাধীন বিভিন্ন গুচ্ছগ্রামসমূহ বিভিন্ন কর্তৃপক্ষ কর্তৃক পরিদর্শনের প্রাপ্ত তথ্য সুপারিশমালা বিশ্লেষণ ও উপস্থাপন;

৮.১৯ প্রকল্পের মাধ্যমে ৫০,০০০ টি গৃহ, লেট্রিন ও রান্না ঘর নির্মাণ, ১০,০০০টি নলকূপ স্থাপন, ৩০০টি গুচ্ছ গ্রামে বিদ্যুৎ সংযোগ, ১০,০০০ পরিবারে আর্থ- সামাজিক কর্মকান্ড, ৫০,০০০টি পরিবারে উন্নত চুলা, বৃক্ষ রোপন, দলিল হস্তান্তরসহ যে সব কার্যক্রম গ্রহণ করা হয়েছে সেগুলো যাচাইকরণ ও মতামত প্রদানের জন্য দৈবয়নের ভিত্তিতে সম্পাদিত প্রকল্পের ১০% (দশ শতাংশ) হতে নমুনা সংগ্রহ করবে;

৮.২০ প্রকল্পের আওতায় জলবায়ু জনিত ও অন্যান্য কারণে ভূমিহীন, বাসস্থানহীন, ঠিকানাহীন এবং নদী ভাঙ্গানের কারণে বাংলাদেশের গ্রাম অঞ্চলের মানুষকে আশ্রয় প্রদান এবং মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে দরিদ্রতা বিমোচন, জীবনযাত্রার মৌলিক প্রয়োজন মিটাতে প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম ও সৃষ্ট সুবিধাদি সঠিকভাবে প্রদান/সৃষ্টি করা হয়েছে কিনা যে বিষয়ে মতামত প্রদান;

৮.২১ প্রকল্পের আওতায় জলবায়ু জনিত ও অন্যান্য কারণে ভূমিহীন, বাসস্থানহীন, ঠিকানাহীন এবং নদী ভাঙ্গানের কারণে বাংলাদেশের গ্রাম অঞ্চলের মানুষকে আশ্রয় প্রদান এবং মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে দরিদ্রতা বিমোচন, জীবনযাত্রার মৌলিক প্রয়োজন মিটাতে প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম ও সৃষ্ট সুবিধাদি টেকসই করার লক্ষ্যে মতামত প্রদান;

৮.২২ পর্যবেক্ষণের আলোকে সুপারিশ প্রণয়ন;

৮.২৩ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্য বিশ্লেষনের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করত: জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতয়ি কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রনয়ন করবে; এবং

৮.২৩ এ প্রকল্পের In-depth কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শক প্রতিষ্ঠানের সেবা ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

৯. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্রমিক	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান		• গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০১ (এক) বছরের অভিজ্ঞতা। মনিটরিং কাজের অভিজ্ঞতা।
২)	ক) টিম লিডার-	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজবিজ্ঞান/ সমাজকর্ম/কমিউনিটি ডেভেলপমেন্ট/পল্লী উন্নয়ন -এ স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	• সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; • টিম লিডার হিসেবে কাজের অভিজ্ঞতা; • গ্রামীণ অবকাঠামো সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা; • মনিটরিং কাজের অভিজ্ঞতা • কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান • প্রকিউরমেন্ট (পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮) সংক্রান্ত বিষয়ে কাজের অভিজ্ঞতা; এবং • প্রতিবেদন উপস্থাপনায় বিশেষ দক্ষতা।
	খ) মিড-লেভেল ইঞ্জিনিয়ার	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে নূন্যতম সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি	• গ্রামীন অবকাঠামো নির্মাণ সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। • মনিটরিং কাজের অভিজ্ঞতা।
	গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজবিজ্ঞান/ অর্থনীতি/ডেভেলপমেন্ট স্টাডিজ/পরিসংখ্যান/ সমাজকল্যাণ/সমাজকর্ম বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীধারী	• আর্থ-সামাজিক গবেষণা/ প্রভাব মূল্যায়ন/ নিবিড় পরিবীক্ষণ সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।